# জরুরী বাওয়েল ক্লিনিক রেফারেলের জন্য রোগীর তথ্য

## আপনার GP কেন আপনাকে হাসপাতালে রেফার করেছে এবং আপনার কী করা প্রয়োজন তা এই তথ্য পত্রটি ব্যাখ্যা করে

**আমাকে কেন জরুরী ভিত্তিতে হাসপাতালে রেফার করা হলো?**
আপনার GP মনে করেন যে ক্যান্সারের সম্ভাবনাকে বাতিল করার জন্য আপনার অন্ত্রের লক্ষণগুলিকে আরও অনুসন্ধান করা দরকার। আপনার কী সমস্যা হয়েছে তা খুঁজে বের করার জন্য আপনি আপনাকে দ্রুত দেখার আশা করতে পারেন।

**এর মানে কি আমার বাওয়েল ক্যান্সার আছে?**
ক্যান্সারের সম্ভাবনা সহ আপনার লক্ষণগুলির সাথে যুক্ত হতে পারে অন্ত্রের এমন অনেকগুলি সাধারণ অবস্থা রয়েছে। বেশিরভাগ ব্যক্তি, যাঁদের জরুরীভাবে সুপারিশ করা হয় তাঁদের অনেকেরই ক্যানসার থাকে না। তবে, আপনার জরুরি অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত থাকা গুরুত্বপূর্ণ কারণ যদি ক্যান্সার ধরা পড়ে তবে প্রাথমিক পর্যায়ে রোগ নির্ণয় সেটির চিকিৎসাকে আরও কার্যকর হওয়ার সম্ভাবনাকে নিশ্চিত করে।

**এই রেফারেলটি জরুরি হওয়ার কারণে আপনাকে দুই 4 সপ্তাহের মধ্যে হাসপাতালে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে, তবে এটি আরও আগেও হতে পারে। আগামী চার সপ্তাহ ধরে আরও কিছু পরীক্ষা-নিরীক্ষা করানোর জন্য আপনাকে উপলব্ধ থাকতে হবে।**

**আমার কী করা প্রয়োজন?**

- আপনার উপসর্গ অনুসন্ধানের অংশ হিসেবে আপনার GP হয়ত আপনাকে 'FIT' (Faecal Immunochemical Test) নামে মলের একটি পরীক্ষা করতে বলেছেন। এই পরীক্ষাটি মলের (পায়খানা) মধ্যে অত্যন্ত নগন্য পরিমাণে থাকা রক্তের উপস্থিতি খুঁজে বের করে। পরীক্ষাটি সম্পূর্ণ করার আগে সংশ্লিষ্ট নির্দেশাবলী সতর্কতার সাথে পড়ুন এবং যত তাড়াতাড়ি সম্ভব আপনার GP-র কাছে এটি ফেরত দিন।
- আপনার GP -র কাছে আপনার সঠিক ঠিকানা এবং টেলিফোন নম্বর সহ একটি মোবাইল নম্বর রয়েছে তা নিশ্চিত করুন কারণ হাসপাতালকে হয়তো টেলিফোনে আপনার সাথে যোগাযোগ করতে পারে।
- আপনি যদি আগামী চার সপ্তাহের মধ্যে অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত হতে না পারেন, তাহলে অনুগ্রহ করে আপনার GP-কে তা জানান।
- আপনার যদি কোনো অনুবাদকের প্রয়োজন হয়, অ্যাক্সেস সংশ্লিষ্ট কোনো প্রয়োজনীয়তা থাকে, অথবা আপনি একজন নারী কনসাল্টেন্ট চান তাহলে আপনার সাথে যোগাযোগ করার সময় অনুগ্রহ করে তা হাসপাতালকে জানান।
- আপনি যদি4 সপ্তাহের মধ্যে হাসপাতাল থেকে অ্যাপয়েন্টমেন্ট করার সুযোগ না পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে আপনার GP প্র্যাকটিসের সঙ্গে যোগাযোগ করুন। বা, আপনি যদি জানেন যে আপনাকে কোন হাসাপাতালে সুপারিশ করা হয়েছে, তাহলে আপনি তাদের পেশেন্ট অ্যাডভাইস অ্যান্ড লিয়াজন সার্ভিসেস (PALS) বিভাগেযোগাযোগ করতে পারেন।
- আপনি যদি মনে করেন যে আপনার উপসর্গ বা অবস্থার অবনতি হচ্ছে, তাহলে আলোচনা করার জন্য আপনার GP সার্জারির সাথে তাড়াতাড়ি যোগাযোগ করা খুবই গুরুত্বপূর্ণ।

**আমার অ্যাপয়েন্টমেন্টে কী হবে?**
আপনার উপসর্গের উপর ভিত্তি করে আপনাকে নিম্নলিখিতগুলোর মধ্যে যেকোনো একটি অফার করা হবে:

1. একজন বিশেষজ্ঞের সাথে দেখা করার জন্য **মুখোমুখি আউট-পেশেন্ট অ্যাপয়েন্টমেন্ট**। হাসপাতাল আপনার সাথে যোগাযোগ করে ক্লিনিকে উপস্থিত হওয়ার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নিশ্চিত করবে। প্রস্তুত থাকুন যে এই অ্যাপয়েন্টমেন্টগুলি অপেক্ষা করার সময় এবং আপনার জন্য কোন টেস্টগুলি প্রয়োজন তার উপর নির্ভর করে কয়েক ঘন্টা সময় নিতে পারে।
2. **আপনার উপসর্গগুলো সম্পর্কে আরও জানতে এবং আপনার জন্য সর্বোত্তম পরীক্ষার পরামর্শ পাওয়ার জন্য বিশেষভাবে প্রশিক্ষিত একজন বাওয়েল নার্সের দ্বারা টেলিফোন বা ভিডিও কলের মাধ্যমে একটি মূল্যায়ন করান। আপনার উপসর্গগুলো তৈরি হওয়ার কারণ সম্পর্কে তারা কী মনে করেন সে বিষয়েও তারা আপনার সাথে কথা বলবে। অনুগ্রহ করে মনে রাখবেন *:* আপনি যদি**

**কলটি রেকর্ড করতে চান বা কলটিতে কোনও বন্ধু বা পরিবারের সদস্যকে অন্তর্ভুক্ত করতে চান তবে আপনাকে অবশ্যই তা চিকিৎসককে জানাতে হবে।**

3. কোনো কোনো ক্ষেত্রে হাসপাতাল আপনাকে প্রথমে মূল্যায়ন করার প্রযোজন ছাড়াই **সরাসরি পরীক্ষার করতে পাঠানোর** কথা বলতে পারে। পরীক্ষা নিয়ে পরিকল্পনা করার সময় বিবেচনায় নেওয়ার মতো অন্য কোনো রোগ না থাকলে এটি হতে পারে। এই অনুসন্ধানে ক্যামেরার দ্বারা অন্ত্রের পরীক্ষা (এন্ডোস্কোপি) বা CT স্ক্যান করা হতে পারে। আপনার পরীক্ষার তারিখ নিয়ে হাসপাতাল আপনার সাথে যোগাযোগ করলে অনুসন্ধানের আরও বিস্তারিত বিবরণ প্রদান করবে। এই পর্যায়ে আপনাকে জানানো হবে যে পরীক্ষার প্রস্তুতির জন্য আপনাকে যদি কিছু করতেই হয় তাহলে কী করতে হবে। এই ধরনের অ্যাপয়েন্টমেন্টে প্রথমে আপনাকে ক্লিনিকের বিশেষজ্ঞ দল দেখবে না বা কোনো বিশেষজ্ঞ নার্স মূল্যায়ন করবে না, তাই অনুগ্রহ করে সতর্কতার সাথে নির্দেশাবলী অনুসরণ করুন।

আমরা জানি যে আপনার অন্ত্রের বিষয়ে কথা বলা বিব্রতকর হতে পারে কিন্তু বিশেষজ্ঞ অন্ত্র দলের সদস্যরা (কলোরেক্টাল টিম নামেও পরিচিত) এই বিষয়ে খুবই অভ্যস্ত। আপনার উপসর্গ নিয়ে আলোচনা করতে বা প্রশ্ন জিজ্ঞাসা করতে বিব্রত বা অস্বস্তি বোধ না করার চেষ্টা করুন। আপনি সাধারণত আপনার মলের জন্য যে শব্দ ব্যবহার করেন যেমন "পু" ব্যবহার করতে সংকোচ করবেন না।

আপনার সুপারিশের 28 দিনের মধ্যে পরীক্ষার ফলাফল সম্পর্কে আপনার সঙ্গে যোগাযোগ করা হবে। কিছু কিছু ক্ষেত্রে, আপনার কেন এমন উপসর্গ হচ্ছে তা হাসপাতাল আপনাকে সেখানেই বলে দেবে এবং আপনাকে সরাসরি চিকিৎসার প্রস্তাব দেবে বা আপনাকে চিকিৎসার জন্য রেফার করবে। আপনার পরীক্ষার কয়েক সপ্তাহের মধ্যে আপনি যদি কিছু না জেনে থাকেন তাহলে অনুগ্রহ করে হাসপাতালের সাথে যোগাযোগ করুন।

আপনার সাপোর্টের জন্য বা মেডিকেল টিম আপনার সাথে কী আলোচনা করবে তা বোঝার বিষয়ে আপনার চিন্তা থাকলে আপনি আপনার কোনও বন্ধু বা পরিবারের সদস্যকে অ্যাপয়েন্টমেন্টে আপনার সাথে আনতে চাইতে পারেন। দর্শনার্থী সম্পর্কিত নির্দেশিকার জন্য অনুগ্রহ করে আপনার অ্যাপয়েন্টমেন্ট লেটারটি চেক করুন।

## আমার কী কী পরীক্ষার প্রয়োজন হতে পারে?

ভিন্ন ভিন্ন পরীক্ষা আপনার এবং আপনার অন্ত্র সম্পর্কে আমাদেরকে ভিন্ন ভিন্ন তথ্য দেবে। বাওয়েল টিমের করা সবচেয়ে প্রচলিত পরীক্ষাগুলো হলো:

- ফ্লেক্সিবল সিগমায়েডোস্কোপি
- কোলনোস্কোপি
- CT কোলোনোগ্রাফি
- CT স্ক্যান
- MRI স্ক্যান
- আল্ট্রাসাউন্ড স্ক্যান

এই পরীক্ষাগুলো সম্পর্কে এই লিফলেটের পিছনের শব্দকোষে ব্যাখ্যা করা হয়েছে। এই পরীক্ষাগুলোর যেকোনো একটি (বা কখনও কখনও আরও বেশি) করানোর জন্য আপনাকে পাঠানো হতে পারে। যে বিভাগে পরীক্ষাগুলো করা হয় সেই বিভাগটি এরপরে আপনাকে একটি অ্যাপয়েন্টমেন্ট লেটার এবং পরীক্ষার ঝুঁকি ও সুবিধাদি এবং পরীক্ষার জন্য আপনার অন্ত্রকে কীভাবে প্রস্তুত করবেন সে সম্পর্কে তথ্যসহ পরীক্ষার বিষয়ে আরও তথ্য পাঠাবে।

## সুপারিশকৃত পরীক্ষাগুলো আমি না করতে চাইলে কী হবে?

এটি নিয়ে আপনি আপনার টেলিফোন মূল্যায়ন/অ্যাপয়েন্টমেন্টে কোলোরেক্টাল বিশেষজ্ঞের সাথে আলোচনা করতে পারেন। আপনি যদি এরপরেও পরীক্ষাগুলো করতে না চান তাহলে আপনার GP-র সাথে এটি নিয়ে আলোচনা করা উচিত।

## আপনার অ্যাপয়েন্টমেন্টের পূর্ববর্তী প্রয়োজনীয় পরামর্শ

এই প্রশ্নগুলো আপনার টেলিফোন মূল্যায়ন/অ্যাপয়েন্টমেন্টে আপনাকে জিজ্ঞাসা করা হতে পারে, তাই আপনার উত্তরগুলো আগে থেকে প্রস্তুত করতে পারলে তা সহায়ক হবে।

*আপনার উপসর্গসমূহ*

- আপনার অন্ত্র নিয়ে কী সমস্যা হচ্ছে?
- এই উপসর্গগুলো কতদিন ধরে চলছে?
- এগুলো কি অব্যাহতভাবে থাকে নাকি আসে আবার চলে যায়?
- কোনো ধরণের প্যাটার্ন কি আছে? যেমন দিনের কোনো নির্দিষ্ট সময়ে বা খাবারের পরে ইত্যাদি?

*আপনার লাইফস্টাইলের পরিবর্তন*

- আপনি কি আপনার খাওয়া দাওয়া বা ব্যায়ামে কোনো পরিবর্তন করেছেন?
- ইদানিং কি কোনো মানসিক চাপ অনুভব করেন?
- সম্প্রতি কি বিদেশে গিয়েছেন?
- আপনার বন্ধুবান্ধব, পরিবার বা সহকর্মীদের কি একই সমস্যা আছে?
- আপনি কি নতুন কোনো ওষুধ খাচ্ছেন?

*আপনার চিকিৎসার ইতিহাস*

- অতীতে আপনার কি অন্ত্র বা হজমের কোনো সমস্যা ছিল?
- আপনার কি কখনও কোনো অপারেশন হয়েছে?
- অতীতে আপনার কি কোনো কার্ডিয়াক (হৃদয়জনিত) চিকিৎসা করানোর ইতিহাস আছে?
- আপনি কি রক্ত পাতলা করার কোনো ওষুধ খান?
- আপনার কি ডায়াবিটিস আছে? যদি থাকে তাহলে কি আপনি ট্যাবলেট খান নাকি ইনসুলিন গ্রহণ করেন?

*পারিবারিক চিকিৎসার ইতিহাস*

- আপনার পরিবারের কোনো সদস্যের কি কখনও ক্যান্সার হয়েছে, বিশেষ করে অন্ত্রের ক্যান্সার?
- আপনার পরিবারের কোনো সদস্যের কি অন্ত্রের কোনো ব্যাধি আছে যেমন, ক্রোনস' ডিজিজ বা কোলাইটিস?

*আপনার ব্যক্তিগত অবস্থা*

- আপনি কি একা থাকেন?
- আপনি চলাফেরা কেমন / চলাফেরা করতে আপনার কি কোনো সাহায্যের প্রয়োজন হয়?
- আপনি কেমন ধরণের সহায়তা পান?
- আপনি কি বর্তমানে কোনো কাজ করছেন?
- যোগাযোগ করার ক্ষেত্রে আপনার বিশেষ কোনো প্রয়োজনীয়তা আছে?
- আপনার কি যাতায়াতের কোনো সমস্যা আছে?

*সবশেষে, মনে রাখবেন যে*

অন্ত্রের উপসর্গ থাকা অধিকাংশ মানুষেরই ক্যান্সার **হয় না** তবে আপনার উপসর্গগুলো পরীক্ষা করা গুরুত্বপূর্ণ। এর কারণ প্রায়শই ছোটখাটো কিছু হয়, যেমন পাইলস বা ইরিটেবল বাওয়েল সিনড্রোম।
আপনাকে বলা কোনো কিছু সম্পর্কে আপনি যদি অনিশ্চিত হন বা বুঝতে না পারেন তাহলে **অনুগ্রহ করে জিজ্ঞাসা করুন।**

**আরো তথ্য**
**অন্ত্রের ক্যান্সার UK** https://www.bowelcanceruk.org.uk/about-bowel-cancer/diagnosis/visiting-your-gp/
**ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট** 0808 808 0000
**ক্যান্সার রিসার্চ UK** 0808 800 4040

**শব্দকোষ: আমরা যে শব্দ ব্যবহার করি তার ব্যাখ্যা**
*কলো* - বৃহদন্ত্রকে বোঝায় (যা কোলন নামে পরিচিত)
*কোলনোস্কোপি* - শেষ প্রান্তে ক্যামেরা লাগানো একটি পাতলা নমনীয় টেলিস্কোপ যেটি আপনার পায়ু দিয়ে অন্ত্রের মধ্যে প্রবেশ করানো হয় এবং পুরো বৃহদন্ত্র পরীক্ষা করা হয়। এই পরীক্ষার আগের দিন আপনাকে কিছু শক্তিশালী ক্লিয়ার-আউট পাউডার পাঠানো হবে। এই পরীক্ষার জন্য আপনাকে একটি ঘুমের ইনজেকশন দেওয়া হবে।
*কম্পিউটারাইজড এক্সিয়াল টমোগ্রাম (CT স্ক্যান)* - একটি বিশেষ স্ক্যান যেখানে আপনি টেবিলে শুয়ে থাকাকালীন একটি ডোনাট আকৃতির এক্স-রে মেশিন আপনার ক্রস সেকশনাল এক্স-রে ছবি তোলে। এই পরীক্ষার জন্য আসলে আপনাকে একটি বিশেষ ডাই ইনজেকশন দেওয়া হবে এবং কিছু বিশেষ কনট্রাস্ট তরল পান করতে বলা হবে।
*CT কোলোনোগ্রাফি* - কখনও কখনও ভার্চুয়াল কোলোনোস্কোপি বলা হয়। এটি একটি বিশেষ CT স্ক্যান যা একটি ডাই ড্রিঙ্কের পরে বা কখনও কখনও পরীক্ষার আগের দিন শক্তিশালী ক্লিয়ার-আউট পাউডারের পরে কোলন এবং মলদ্বারের ভিতরের খুব বিশদ ছবি তৈরি করতে একটি CT স্ক্যানার ব্যবহার করে।
*ফ্লেক্সিবল সিগমায়েডোস্কোপি* - শেষ প্রান্তে ক্যামেরা লাগানো একটি পাতলা নমনীয় টেলিস্কোপ যেটি আপনার পায়ু দিয়ে অন্ত্রে প্রবেশ করানো হয় এবং বৃহদন্ত্রের নিচের অংশকে পরীক্ষা করা হয়। এই পরীক্ষার আগের দিন খাওয়ার জন্য আপনাকে কিছু ক্লিয়ার-আউট ট্যাবলেট পাঠানো হবে।
*ম্যাগনেটিক রেজোন্যান্স ইমেজিং (MRI স্ক্যান)* - এই পরীক্ষায় একটি খোলা মুখের মেটাল সিলিন্ডারে শুইয়ে আপনার বিস্তারিত এক্স-রে ছবি তোলা হয়।
*প্রক্টোস্কোপি* - একটি ছোট প্লাস্টিকের টেলিস্কোপ দিয়ে পায়ু (গুহ্যদ্বার এবং গুহ্যদেশ) পরীক্ষা করা।
*রেকটাল* - এটি দ্বারা গুহ্যদেশকে বোঝায় (মলদ্বারের নিকটবর্তী বৃহদন্ত্রের সর্বনিম্ন অংশ)।
*আলট্রাসাউন্ড স্ক্যান* - একটি স্ক্যান যা শব্দ তরঙ্গ ব্যবহার করে আপনার ভিতরের অংশ পরীক্ষা করে। এটি গর্ভাবস্থায় নারীদের যে ধরণের স্ক্যান করা হয় তার মতো।

লিফলেটটি লন্ডন পেশেন্ট গ্রুপ এবং ট্রান্সফর্মিং ক্যান্সার সার্ভিসেস টিম ফর লন্ডন আপডেট করেছে।

**আপনার অনুসন্ধান এবং ফলাফলের জন্য একটি আনুমানিক টাইমলাইন নীচে দেওয়া হয়েছে তবে আপনার লক্ষণগুলি জটিল হলে বা আপনার একাধিক পরীক্ষার প্রয়োজন হলে এটি আরও দীর্ঘ হতে পারে।**

**রেফারেল আরম্ভ**

**পরীক্ষাসমূহ**

মল পরীক্ষা (FIT পরীক্ষা)

GP যখন আপনাকে সুপারিশ করে তখন আপনার ডাক্তারকে আপনার উপসর্গের মূল কারণটি বুঝতে সহায়তা করার জন্য আপনাকে একটি মল পরীক্ষা করানোর কথা বলা হতে পারে

**হসপিটালের অ্যাপয়েন্টমেন্ট। 14 দিন**

**GP সুপারিশ**

আপনার উপসর্গের উপর নির্ভর করে, আপনার GP আপনাকে একজন বিশেষজ্ঞের সাথে দেখা করার জন্য হাসপাতালে পাঠাতে পারেন, অথবা অন্ত্রের একজন প্রশিক্ষিত নার্সের সাথে একটি ভিডিও বা টেলিফোন কলের ব্যবস্থা করতে পারেন, অথবা আরও অনুসন্ধানের জন্য আপনাকে সরাসরি পরীক্ষার জন্য পাঠাতে পারেন।

**অতিরিক্ত পরীক্ষা-**

সিগমায়েডোস্কোপি, কোলনোস্কোপি, CT স্ক্যান ইত্যাদির আরও অনুসন্ধান হতে পারে

স্পেশ্যালিস্ট যাতে আপনার উপসর্গগুলির কারণ নির্ণয় করতে পারেন তার জন্য আপনাকে আরও কিছু পরীক্ষা করাতে হতে পারে। অনুগ্রহ করে এই অ্যাপয়েন্টমেন্টকে প্রাধান্য দেবেন।

**হসপিটালের অ্যাপয়েন্ট**

আপনার অ্যাপয়েন্টমেন্টটি কোনও স্পেশালিষ্টের সাথে আপনার লক্ষণ এবং ফলাফলগুলি নিয়ে আলোচনা করার জন্য করা হবে। আপনি আপনার সাথে পরিবারের কোনও সদস্য বা বন্ধুকে আনতে পারেন

আপনাকে একজন বিশেষজ্ঞের সাথে জরুরি অ্যাপয়েন্টমেন্টের জন্য হাসপাতালে রেফার করা হলে অনুগ্রহ করে এই অ্যাপয়েন্টমেন্টকে অগ্রাধিকার দিন

**ডায়াগনোসিস বা ক্যান্সারের সম্ভাবনাকে খারিজ করা 28 দিন**

**ফলাফল**

আপনার সুপারিশের 28 দিনের মধ্যে পরীক্ষার ফলাফল সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করা হবে, তবে টেস্টের দিনই আপনাকে আপনার ফলাফল জানানো যেতে পারে

**ক্যান্সারের সম্ভাবনা খারিজ করা হয়েছে**

আপনার স্পেশালিষ্ট আপনার ক্যান্সারের সম্ভাবনা খারিজ করা হয়েছে এবং এরপর কী ঘটবে তা জানাতে আপনার সাথে যোগাযোগ করবেন

এরপরেও আপনার এমন কোনও উপসর্গ থাকতে পারে যা পরীক্ষা করে দেখার প্রয়োজন হতে পারে এবং এগুলি যদি থেকে যায় বা আরও গুরুতর আকার ধারণ করে তাহলে আপনাকে অবশ্যই আপনার GP-র সঙ্গে যোগাযোগ করতে হবে।

**চিকিৎসা করার সিদ্ধান্ত 31 দিন**

**প্রথম চিকিৎসা 62 দিন**

**ক্যান্সার নির্ণয় করা হয়েছে**

আপনার ক্যান্সার ধরা পড়েছে তা জানানোর জন্য আপনার স্পেশালিস্ট আপনার সঙ্গে যোগাযোগ করবেন এবং আপনার চিকিৎসা নিয়ে আলোচনা করবেন

আপনার চিকিৎসা শুরু হলে আপনি কী প্রত্যাশা করতে পারেন এবং কোথায় আপনি আরও সহায়তা পেতে পারেন সেই সব ব্যাপারে আপনার কোনও প্রশ্ন থাকলে আপনার ক্যানসার কেয়ার টিম ও আপনার GP সেগুলির উত্তর দেবেন।